



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. General PART-I Examinations, 2017

বাংলা-সাধারণ

বাংলা-প্রথম পত্র

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান: ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। নিম্নলিখিত যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ১৮×৩ = ৫৪
- (ক) রামমোহন রায়ের বাংলা গদ্য রচনার পরিচয় দাও। বাংলা গদ্যের বিকাশে তাঁর গুরুত্ব আলোচনা করো। ১২+৬
- (খ) আধুনিক বাংলা মহাকাব্য ধারায় মধুসূদন দত্তের ভূমিকা উল্লেখ করে তাঁর অনুসারী অন্য কবিদের রচনাগুলির নাম লেখো। ১২+৬
- (গ) ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের প্রতিভার মূল্যায়ন করো। ১৮
- (ঘ) ছোটগল্পকার বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রতিভার পরিচয় দাও। ১৮
- (ঙ) বাংলা নাট্য সাহিত্যের ইতিহাসে বিজন ভট্টাচার্যের কৃতিত্ব বিচার করো। ১৮
- (চ) বাংলা সাহিত্যের ইতিহাসে উনিশ শতকের পটভূমিতে বিভিন্ন সাময়িক পত্রের উদ্ভবের কারণ ও তার সুদূরপ্রসারী প্রভাব আলোচনা করো। ১৮

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো: ৪×৪ = ১৬
- কথোপকথন, লোকরহস্য, শর্মিষ্ঠা, ডাকঘর, সাধের আসন, সোনার তরী, পথের দাবী, গোরা, পুতুল নাচের ইতিকথা, পোস্টমাস্টার, বঙ্গদর্শন।

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয়ে উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ ৫×২ = ১০
যমক, বক্রোক্তি, সমাসোক্তি, সাক্ষরূপক, বিরোধভাস, ব্যাজস্ততি।
- ৪।(ক) গীতিকাব্যের সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো। একজন বাংলা গীতিকবির পরিচয় দাও। ৪+৬+১০
অথবা
- (খ) নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১০+১০
- (অ) ঐতিহাসিক নাটক কাকে বলে? একটি বাংলা ঐতিহাসিক নাটকের পরিচয় দাও। ৪+৬
- (আ) সামাজিক উপন্যাস কাকে বলে? একটি বাংলা সামাজিক উপন্যাসের পরিচয় দাও। ৪+৬
- (ই) ছোটগল্পের সংজ্ঞা দিয়ে উপন্যাসের সঙ্গে তার একটি তুলনা লিপিবদ্ধ করো। ৪+৬
- (ঈ) নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয়ে সংক্ষিপ্ত টীকা লেখোঃ ৫×২ = ১০
ট্র্যাজেডি; সাহিত্যিক মহাকাব্য; পারিবারিক উপন্যাস; ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধ।